ব্যাংকার্স সিলেকশন কমিটি সচিবালয়
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০

বিজ্ঞপ্তি নং-৪৫/২০১৭

তারিখ ঃ ০৭/০১/১৪২৪ বঙ্গাব্দ
২০/০৪/২০১৭ খ্রিস্টাব্দ

নিয়োগ বিজ্ঞপ্তি

ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ এর নিম্নবর্ণিত পদসমূহে নিয়োগের নিমিত্তে প্যানেল প্রস্তুতির জন্য নিম্নোক্ত শর্তাধীনে বাংলাদেশী নাগরিকদের নিকট হতে Online এ দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ

ক্রম	পদের নাম	পদ সংখ্যা	বেতন স্কেল	প্রয়োজনীয় যোগ্যতা
০১	সহকারী প্রোগ্রামার	৭ টি	জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর টাকা ২২০০০/-........ ৫৩০৬০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা।	**ক)** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পদার্থবিজ্ঞান/ফলিত পদার্থবিজ্ঞান ও ইলেকট্রনিক্স/গণিত/পরিসংখ্যান/অর্থনীতি/বাণিজ্য/ব্যবসা প্রশাসন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী অথবা বর্ণিত বিষয়ে অন্যূন ৪ বৎসর মেয়াদী স্নাতক(সম্মান) ডিগ্রী অথবা অন্যূন ০৪ বৎসরমেয়াদী বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অথবা কম্পিউটার বিজ্ঞানে অন্যূন ০৪ বৎসর মেয়াদী স্নাতক ডিগ্রী থাকতে হবে। **খ)** বোর্ড বা বিশ্ববিদ্যালয়ের যে কোন একটি পরীক্ষায় প্রথম বিভাগ বা শ্রেণী থাকতে হবে এবং শিক্ষা জীবনের কোন স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণী গ্রহণযোগ্য হবে না। **গ)** O লেভেল ও A লেভেল ডিগ্রীধারীদের ক্ষেত্রে O লেভেল পর্যায়ে ন্যূনতম চারটি বিষয়ে 'A' গ্রেড এবং A লেভেল পর্যায়ে ন্যূনতম একটি বিষয়ে 'A' গ্রেড থাকতে হবে এবং কোন ক্ষেত্রে গড় নম্বর C গ্রেড গ্রহণযোগ্য হবে না। **ঘ)** গ্রেডিং পদ্ধতির ক্ষেত্রে স্নাতক বা স্নাতকোত্তর পর্যায়ে প্রতিটিতে অন্যূন সিজিপিএ ৩.০০ এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে প্রতিটিতে অন্যূন জিপিএ ৩.৫০ থাকতে হবে। **ঙ)** প্রোগ্রামিং সংক্রান্ত স্ট্যান্ডার্ড এপ্টিচ্যুড টেস্টে উত্তীর্ণ হতে হবে। **চ)** বয়স ঃ ০১/০৪/২০১৭ তারিখে (১) মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থী ব্যতীত সকল প্রার্থীদের ক্ষেত্রে অনূর্ধ্ব ৩০ বৎসর এবং (২) মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে অনূর্ধ্ব ৩২ বৎসর।
০২	সহকারী ইঞ্জিনিয়ার (আইটি)	১ টি	জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর টাকা ২২০০০/-........ ৫৩০৬০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা।	**ক)** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে পদার্থবিজ্ঞান/ফলিত পদার্থবিজ্ঞান ও ইলেকট্রনিক্স/গণিত/পরিসংখ্যান বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রী অথবা গণিত বিষয়ে অন্যূন ৪ বৎসর মেয়াদী স্নাতক(সম্মান) ডিগ্রী অথবা অন্যূন ০৪ বৎসর মেয়াদী বিএসসি ইঞ্জিনিয়ারিং ডিগ্রী অথবা কম্পিউটার বিজ্ঞানে অন্যূন ০৪ বৎসর মেয়াদী স্নাতক ডিগ্রী থাকতে হবে। খ) বোর্ড বা বিশ্ববিদ্যালয়ের যে কোন একটি পরীক্ষায় প্রথম বিভাগ বা শ্রেণী থাকতে হবে এবং শিক্ষা জীবনের কোন স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণী গ্রহণযোগ্য হবে না। **গ)** O লেভেল ও A লেভেল ডিগ্রীধারীদের ক্ষেত্রে O লেভেল পর্যায়ে ন্যূনতম চারটি বিষয়ে 'A' গ্রেড এবং A লেভেল পর্যায়ে ন্যূনতম একটি বিষয়ে 'A' গ্রেড থাকতে হবে এবং কোন ক্ষেত্রে গড় নম্বর C গ্রেড গ্রহণযোগ্য হবে না। **ঘ)** গ্রেডিং পদ্ধতির ক্ষেত্রে স্নাতক বা স্নাতকোত্তর পর্যায়ে প্রতিটিতে অন্যূন সিজিপিএ ৩.০০ এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে প্রতিটিতে অন্যূন জিপিএ ৩.৫০ থাকতে হবে। **ঙ)** হার্ডওয়ার ও নেটওয়ার্কিং সংক্রান্ত স্ট্যান্ডার্ড এপ্টিচ্যুড টেস্টে উত্তীর্ণ হতে হবে। **চ)** বয়স ঃ ০১/০৪/২০১৭ তারিখে (১) মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থী ব্যতীত সকল প্রার্থীদের ক্ষেত্রে অনূর্ধ্ব ৩০ বৎসর এবং (২) মুক্তিযোদ্ধার সন্তান এবং প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে অনূর্ধ্ব ৩২ বৎসর।
০৩	ডাটা এন্ট্রি/ কন্ট্রোল সুপার-ভাইজার	১ টি	জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর টাকা ১৬০০০/-...... ৩৮৬৪০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা।	**ক)** কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী থাকতে হবে; তবে শিক্ষা জীবনের কোন স্তরে তৃতীয় বিভাগ বা শ্রেণী গ্রহণযোগ্য হবে না। **খ)** গ্রেডিং পদ্ধতির ক্ষেত্রে স্নাতক পর্যায়ে অন্যূন সিজিপিএ ২.৫০ এবং মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে প্রতিটিতে অন্যূন জিপিএ ৩.০০ থাকতে হবে। **গ)** ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটরের কাজে অন্যূন ০৫ বৎসরের চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে এবং ঘন্টায় ১০,০০০ কী ডিপ্রেসন করার দক্ষতা থাকতে হবে। **ঘ)** বয়স ঃ ০১/০৪/২০১৭ তারিখে বয়স অনূর্ধ্ব ৩২ বৎসর।

০৪	সিকিউরিটি অফিসার	১ টি	জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর টাকা ১৬০০০/-......৩৮৬৪০/- স্কেল এবং তৎসহ নিয়মানুযায়ী প্রদেয় অন্যান্য সুবিধা।	**ক)** কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। **খ)** সেনাবাহিনী বা পুলিশ বাহিনীতে অন্যূন ১০ বৎসরের চাকুরীসহ অগ্নি নির্বাপন সরঞ্জামাদি ব্যবহারের অভিজ্ঞতা থাকতে হবে। **গ)** বয়স ঃ ০১/০৪/২০১৭ তারিখে বয়স অনূর্ধ্ব ৪০ বৎসর।

০২. আগ্রহী প্রার্থীদেরকে আগামী ০৭/০৫/২০১৭ তারিখের মধ্যে শুধুমাত্র বাংলাদেশ ব্যাংকের চাকুরীর বিজ্ঞপ্তি সংক্রান্ত ওয়েবসাইট (erecruitment.bb.org.bd)-এ Online Application Form পূরণের মাধ্যমে দরখাস্ত করতে হবে।

০৩. Online Application Form এর নির্ধারিত ঘরে পাসপোর্ট সাইজের ৬০০x৬০০ Pixel ছবি এবং ৩০০x৮০ Pixel স্বাক্ষর আপলোড করতে হবে। ছবি এবং স্বাক্ষরের ব্যাকগ্রাউন্ড সাদা রং এর হতে হবে।

০৪. ‘O’ Level ও ‘A’ Level পাশ হলে দেশীয় সংশ্লিষ্ট শিক্ষা বোর্ড হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) এবং বিদেশী বিশ্ববিদ্যালয় হতে ডিগ্রী প্রাপ্ত হলে দেশীয় সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট (Equivalence Certificate) অনুযায়ী ডিগ্রী ও ফলাফলের (শ্রেণি/ বিভাগ/জিপিএ/সিজিপিএ উল্লেখসহ) তথ্য প্রদান করতে হবে।

০৫. Online Application Form এ পরীক্ষা নিয়ন্ত্রক কর্তৃক প্রকাশিত পরীক্ষার ফলাফলের তারিখ অবশ্যই উল্লেখ করতে হবে।

০৬. দরখাস্ত করার সময় ফরম পূরণ করার নিয়ম ও অন্যান্য শর্তাবলী ওয়েবসাইটেই পাওয়া যাবে। Online এ আবেদন করার পর প্রাপ্ত Tracking Number Form টি যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

০৭. প্রার্থীদেরকে প্রাথমিকভাবে কোনো কাগজপত্র প্রেরণ করতে হবে না। লিখিত পরীক্ষা গ্রহণের পর উত্তীর্ণ প্রার্থীদের নিকট থেকে আবেদনে উল্লিখিত তথ্যাদির সমর্থনে প্রয়োজনীয় দলিলাদি আহ্বান করা হবে। দাখিলকৃত দলিলাদির সঠিকতা যাচাই সাপেক্ষে তাদেরকে মৌখিক পরীক্ষার জন্য ডাকা হবে।

০৮. চাকুরীরত প্রার্থীগণ তাদের নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বানুমোদনক্রমে আবেদন করতে পারবেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ হলে ০৬ নং ক্রমিকে উল্লিখিত শর্ত মোতাবেক দলিলাদি দাখিলের সময় তা তাদের স্ব-স্ব নিয়োগকারী কর্তৃপক্ষের মাধ্যমে প্রেরণ করতে হবে।

০৯. অসম্পূর্ণ/ভুল তথ্য সম্বলিত দরখাস্ত কোনো প্রকার যোগাযোগ ব্যতিরেকেই বাতিল করা হবে।

১০. প্রার্থীদের MCQ Test এবং/বা লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১১. নিয়োগের ক্ষেত্রে কোটা সংক্রান্ত সরকারী নীতিমালা ও অন্যান্য বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

১২. বিবাহিত মহিলা প্রার্থীদের ক্ষেত্রে স্থায়ী ঠিকানা হিসেবে স্বামীর স্থায়ী ঠিকানা ব্যবহার করতে হবে।

১৩. ইনভেস্টমেন্ট কর্পোরেশন অব বাংলাদেশ প্রার্থীদের নিয়োগ প্রদান করা বা না করার ক্ষেত্রে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের অধিকার সংরক্ষণ করে।

স্বাক্ষরিত/-
(মোঃ মোশাররফ হোসেন খান)
মহাব্যবস্থাপক
ও
সদস্য-সচিব, বিএসসি